The industry specific guidance below was developed by the Department in response to the pandemic and is no longer mandatory. These archived documents are made available as a public reference and resource only.

Industry partners should refer to New York Forward Guidance for the most up-to-date information regarding COVID-19. For more information, please visit https://agriculture.ny.gov/coronavirus.

ANDREW M. CUOMO
গভর্নর

RICHARD A. BALL
কমিশনার

কৃষি খেত ব্যবস্থাপনার জন্য উদ্যান পালনের অন্তর্বর্তীকালীন নির্দেশনা

16 মে 2020

এই নির্দেশনাটি গ্রিনহাউস অপারেশন, নার্সারি, সোড ফার্মস, আরবরিস্টস এবং ল্যান্ডস্ক্যাপেরদর জন্য সরবরাহ করা হয়েছে।

20 মার্চ, 2020 গভর্নর কুওমো "PAUSE" নির্বাহী আদেশে ঘোষণা করেছেন, COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার প্রতিক্রিয়ায় অভিন্ন নিরাপত্তার আশ্বাস দিয়ে 10 দফা নীতি নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে একটি নির্দেশ ছিল যে স্টেটব্যাপি সকল গুরুত্বহীন ব্যবসা প্রতিষ্ঠান রবিবার, 22 মার্চ, 2020 রাত 8:00 টা থেকে তাদের অফিসের ভেতরের কর্মীদের কর্মকাণ্ড বন্ধ করবে। নির্বাহী আদেশের 202.6 ধারা অনুসারে প্রয়োজনীয় ব্যবসাকে বন্ধকরণ থেকে অব্যাহতি দেওয়া হয়েছিল।

পর্যায়ক্রমে পুনরায় খোলার মত কম ঝুঁকির, গুরুত্বহীন ব্যবসাগুলি 15 মে, 2020 থেকে শুরু হয়েছিল। তাদের খোলামেলা স্থান বা বহিরঙ্গন প্রকৃতির কারণে, উদ্যানতাত্বিক এবং ভূ-প্রাকৃতিক শিল্প সমূহকে অনুমোদন দেওয়া হয়েছে যেখানে তারা প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ রুপরেখা মেনে চলবে। এসব শিল্পগুলিকে অবশ্যই সমস্ত সামাজিক দূরত্ব, পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্যানিটেশন নির্দেশিকাগুলি মেনে চলতে হবে।

হর্টিকালচার অপারেশন

এই নির্দেশনার উদ্দেশ্যে, উদ্যানতাত্বিক কার্যক্রমের মধ্যে রয়েছে, সবজি গাছের উৎপাদন, গতিবিধি, রক্ষণাবেক্ষণ ও বিক্রয়, নার্সারি স্টক, গাছপালা, সোড, উদ্ভিদ ও ফুল, গ্রিনহাউজ ও নার্সারি অপারেশন ও সোড ফার্মস এবং কৃষিভিত্তিক ব্যবসা (যেমন: বালাই, আগাছা, পানি ও পুষ্টি ব্যবস্থাপনা) যা তাদের পরিচালনাকে সমর্থন করে।

প্রয়োজনীয় অপারেটিং পদ্ধতিসমূহ

- ব্যক্তিদের মধ্যে অন্তত ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখুন। গণসমাবেশের কোনও সুযোগ নেই। আউটডোরে বিক্রয় পরিচালনা করতে গেলে অবশ্যই গ্রাহক ও কর্মচারীদের মধ্যে ছয় ফুটের কঠোর সামাজিক দূরত্ব মেনে চলতে হবে। টেবিল বা উদ্ভিদ প্রদর্শনের কাছাকাছি গ্রাহকদের অতিরিক্ত পরিমাণ সময় কাটাতে দেবেন না।
- গ্রাহকদের ঘনত্ব কমাতে এবং নগদ বা অন্যান্য মুদ্রার পরিচালনা হ্রাসকরণে সাহায্য করতে উদ্যানজাত পণ্যগুলির সরাসরি বিক্রয়কে সহজ করার জন্য অন্যান্য পদ্ধতির কথা বিবেচনা করুন। বিকল্প অপশনগুলির মধ্যে গ্রীনহাউস/নার্সারি পার্কিং এরিয়ায় পিকআপসহ অনলাইন অর্ডারিং বা অন্যান্য সৃজনশীল ক্রয়ের পন্থা অন্তর্ভুক্ত থাকতে পারে।

- দরজা হ্যান্ডলগুলি ও বিক্রয় মেশিনসমূহের পয়েন্ট, বিল্ডিংগুলির সাধারণ অঞ্চল ও শেয়ার করা সরঞ্জাম, পৃষ্ঠতল এবং অন্যান্য ঘন ঘন হাতের স্পর্শ লাগতে পারে এমন পয়েন্টগুলি বার বার পরিষ্কার এবং স্যানিটাইজ করুন।
- অন্তত 60% অ্যালকোহলের সমন্বয়ে হ্যান্ড স্যানিটাইজার, গ্রাহকদের জন্য সহজলভ্য করা উচিত।
- দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে ফেস কভারিং সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং 202.18 অনুযায়ী জনবহুল স্থানে বেড়ানোর সময় নিজের নাক এবং মুখ কোনো মাস্ক বা কাপড় দিয়ে অবশ্যই ঢেকে রাখতে হবে। কার্যনির্বাহী আদেশ 202.17এ 202.18-এর অন্তর্বর্তী নির্দেশনার-অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।
- কার্যনির্বাহী আদেশ 202.16 অনুযায়ী নিয়োগকর্তারা জনগণের সঙ্গে কথোপকথনের জন্য কর্মীদেরকে বিনামূল্যে প্রয়োজনীয় মাস্ক সরবরাহ করবে। কার্যনির্বাহী আদেশ 202.16 এর অন্তর্বর্তী নির্দেশনার অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

ভূপ্রাকৃতিক অপারেশনসমূহ

এই নির্দেশিকার উদ্দেশ্যে, ভূপ্রাকৃতিক ক্রিয়াকলাপগুলির মধ্যে অন্তর্ভুক্ত হল ঘাস, সোড, গাছপালা, গুল্ম এবং গাছের যত্ন ও রোপণ এবং গর্ত করা, ছাঁটাই করা এবং রোগ, সুরক্ষা ও জনস্বাস্থ্যের উদ্দেশ্যে এই আইটেমগুলির অপসারণ। উপরের যে কোন কর্মকাণ্ড পরিচালনার জন্য সরঞ্জাম এবং প্রয়োজনীয় উপকরণ পরিবহন এবং উদ্ভিদের সুস্থতার জন্য সেচ কার্য জন্য অনুমোদনযোগ্য।

প্রয়োজনীয় অপারেটিং পদ্ধতিসমূহ

- বিক্রি ও উপকরণসমূহ প্রদর্শন আউটডোরে পরিচালিত করতে হবে।
- ছয় ফুটের কঠোর সামাজিক দূরত্ব অবশ্যই বজায় রাখতে হবে।
- ইনস্টলেশনগুলি এমন হতে হবে যেন গ্রাহকের আগমণের সময় তাদের মাঝে ন্যূনতমপর্যায়ে মিথষ্ক্রিয়া হয়।
- প্রতিবার ব্যবহারের পরে ট্রাক, যানবাহন, এবং সরঞ্জাম পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
  - দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে ফেস কভারিং সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং 202.18 অনুযায়ী জনবহুল স্থানে বেড়ানোর সময় নিজের নাকও মুখ কোনো মাস্ক বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে।
- কার্যনির্বাহী আদেশ 202.16 অনুযায়ী নিয়োগকর্তারা জনগণের সঙ্গে কথোপকথনের জন্য কর্মীদেরকে বিনামূল্যে প্রয়োজনীয় মাস্ক সরবরাহ করবে।

সকল ব্যবসাকে অবশ্যই:

সাইনেজ পোস্ট করুন যেখানে লেখা থাকবে বিস্তার বন্ধ করুন (সাইনেজের জন্য বিকল্প ভাষাগুলিও সহজে পাওয়া যাবে) এবং হাত ওয়াশিং/স্বাস্থ্যবিধি প্রোটোকল অনুসরণ করুন:

- নিয়মিতভাবে সাবান ও পানি দিয়ে কমপক্ষে 20 সেকেন্ড ধরে হাত ধোয়া:
  - খাওয়ার আগে এবং পরে।

- হাঁচি, কাশি বা নাক ঝাড়ার পরে।
    - রেস্টরুম (restroom) ব্যবহার করার পরে।
    - খাবার দাবার তরাদকি করার পূর্বে।
    - পৃষ্ঠগুলি স্পর্শ বা পরিষ্কার করার পরে যা দূষিত হতে পারে যেমন মুখ, চুল, মোবাইল বা পোশাক।
    - ভাগাভাগি করে ব্যবহার করা হয় এমন যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহারের পরে।
- টিস্যু বা কনুইয়ের কোণ ঢেকে হাঁচি বা কাশি দিন।
- যদি সাবান এবং পানি সহজলভ্য না হয়, তাহলে কমপক্ষে 60% অ্যালকোহল সহ অ্যালকোহল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- ব্যবহারের পরে ময়লা টিস্যুগুলি একটি আবর্জনার স্থানে অবিলম্বে নিষ্পত্তি করুন।

অতিরিক্ত তথ্যের জন্য নিচের লিংকগুলো ভিজিট করুন:

NYS এর কৃষি ও বাজার বিভাগ: https://agriculture.ny.gov/coronavirus
NYS এর স্বাস্থ্য বিভাগ: https://coronavirus.health.ny.gov/home